আজকের কাগজ

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

৪

146

### ছাত্রশিবিরের সঙ্গে সংঘর্ষে আহত ৮

# শান্তিডাঙ্গা ইসলামী বিশ্ববিদ্যালয় ৭ দিনের জন্যে বন্ধ ঘোষণা

**ঝিনাইদহ ও কুষ্টিয়া থেকে প্রতিনিধিদের ফোন :** গতকাল শান্তিডাঙ্গা দুলালপুর ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রসংঘর্ষে ৮ জন আহত হয়েছে এবং বিশ্ববিদ্যালয় ৭ দিনের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। জানা গেছে গত মঙ্গলবার দ্বিতীয় বর্ষের ছাত্রী কেয়া টয়লেটে গেলে শিবিরের কতিপয় কর্মী বাইরে থেকে ছিটকিনি লাগানো এবং ছাত্রদলের অর্থনীতি বিভাগের ১ম বর্ষের ছাত্র বাবুল আহমদকে জীবননাশের হুমকি এই দুই ঘটনার জের হিসেবে সংঘর্ষের সূত্রপাত হয়। এর প্রতিবাদে গতকাল সকাল ১০টায় সমস্ত ছাত্র সংগঠন ছাত্রশিবিরের ঘৃণ্য তৎপরতার প্রতিবাদে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস প্রদক্ষিণ করার সময় শিবিরের সশস্ত্র মাস্তান বাহিনী মিছিলের ওপর অতর্কিত হামলা চালায়। সশস্ত্র হামলায় ছাত্রমৈত্রীর ২য় বর্ষের ছাত্র মুকুট মাথায় আঘাত পান। তাকে আশংকাজনকভাবে কুষ্টিয়া হাসপাতালে ভর্তি করা হয়।

শিবিরের আহত প্রথম বর্ষ দাওয়া বিভাগের ছাত্র তানভীরকেও কুষ্টিয়া সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষ চলাকালে শিবির কর্মীরা অসংখ্য ককটেল বিস্ফোরণ ঘটায়। পুলিশ ক্যাম্পাসে নীরব ভূমিকা পালন করে। সংঘর্ষের খবর কুষ্টিয়া পৌছলে বেলা ১টার সময় এএসপি আতাউল গণি বাদশার নেতৃত্বে একদল দাঙ্গা পুলিশ বিশ্ববিদ্যালয়ে এসে হঠাৎ নিরীহ ছাত্র-ছাত্রী ও স্থানীয় শেখপাড়া হাটের জনতার ওপর বেধড়ক লাঠিচার্জ করে এবং ৫ রাউন্ড টিয়ারগ্যাস নিক্ষেপ করে।

পুলিশের টিয়ারগ্যাস ও লাঠিচার্জে উক্ত বাজারের ব্যবসায়ী নুকুর ও লতিফ মারাত্মক আহত হয়। বিকেল ৩-৩০টা পর্যন্ত সংঘর্ষ চলার পর ক্যাম্পাস ও হলগুলো শিবিরের দখলে আসে। এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। ঘটনার প্রতিবাদে ঝিনেদা শহরে ছাত্রলীগ ছাত্রদল ছাত্র ইউনিয়ন, ছাত্রমৈত্রী তাৎক্ষণিকভাবে বিক্ষোভ মিছিল বের করে এবং শিবিরের রাজনীতি নিষিদ্ধ করার দাবি জানায়।